

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) বাংলাদেশের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ক্ষেত্রে একটি উৎকৃষ্ট কেন্দ্র এবং এটি শিক্ষার উৎকর্ষ সাধনে কাজ করে যাচ্ছে। নায়েমের চূড়ান্ত লক্ষ্য হচ্ছে শিক্ষা ক্ষেত্রে জাতীয় ও বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলার জন্য শিক্ষক এবং শিক্ষা প্রশাসনের কর্মকর্তাগণকে জ্ঞান, পেশাগত দক্ষতা, ইতিবাচক দৃষ্টিভঙ্গি ও নেতৃত্বের গুণাবলি দ্বারা সমৃদ্ধ করা। শিক্ষা ক্ষেত্রে পরিকল্পনা, প্রশাসন, ব্যবস্থাপনা ও গবেষণার উন্নয়নের ক্ষেত্রে নায়েম প্রধান ভূমিকা পালন করছে। শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে ১৯৫৯ খ্রিষ্টাব্দে এডুকেশন এক্সটেনশন সেন্টার (EEC) প্রতিষ্ঠিত হয়। একটি বিবর্তন প্রক্রিয়ার মাধ্যমে ১৯৯২ খ্রিষ্টাব্দে এটিকে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ রূপান্তর করা হয়। এর ধারাবাহিক বছরভিত্তিক পরিবর্তন সংক্ষিপ্তভাবে নিম্নের ছকে দেখানো হলো;

### ৩. স্বপ্ন ও লক্ষ্য লক্ষ্যে

#### ৩.১ স্বপ্ন

২০২১ সালের মধ্যে নায়েম-কে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ - প্রতিষ্ঠানে পরিণত করা।

#### ৩.২ লক্ষ্য

গুণগত মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রাথমিক - পরবর্তী স্তরের শিক্ষক ও কর্মকর্তাদের বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রস্তুত করা।

### ৪. নায়েমের উদ্দেশ্যসমূহ

#### ৪.১ সাধারণ উদ্দেশ্য

নায়েমের সাধারণ উদ্দেশ্য হচ্ছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা স্তরের শিক্ষক উন্নয়ন ও মানসম্মত ব্যবস্থাপনা ও প্রশাসন ব্যবস্থা নিশ্চিতকরণের মাধ্যমে প্রাথমিক - পরবর্তী স্তরে গুণগতমান সম্পন্ন শিক্ষা নিশ্চিত করা।

#### ৪.২ বিশেষ উদ্দেশ্যসমূহ

- শিক্ষা ব্যবস্থাপনা ও প্রশাসনিক ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক সামর্থ্য উন্নয়নের জন্য প্রতিষ্ঠানসমূহকে পেশাগত ও কারিগরি সহযোগিতা প্রদান করা।
- প্রাথমিক পরবর্তী শিক্ষা উপ-স্তরের শিক্ষা ব্যবস্থাপনা ও প্রশাসনিক ক্ষেত্রে দক্ষতা ও কার্যকারিতার উন্নয়ন করা।